গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৩-৭৬৭(১) তারিখ : ১৭ অক্টোবর ২০২৩ খ্রি:

**নোটিশ**

অক্টোবর/২০২৩ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ৩০/১০/২০২৩ খ্রি: | সকাল ১১.৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ৩০/১০/২০২৩ খ্রি: | সকাল ১২.০০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ৩০/১০/২০২৩ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ৩০/১০/২০২৩ খ্রি: | বেলা ১২.১৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ৩০/১০/২০২৩ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ৩০/১০/২০২৩ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ২৯/১০/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১৭/১০/২০২৩

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
সভার তারিখ : ৩০ অক্টোবর ২০২৩ খ্রি:
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও প: প:কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর প্রতিনিধি সভায় জানান, যে, ৩৯৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা গ্রহণকারী ০৫-১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সংখ্যা ১ম ডোজ গ্রহণকারী ৪০,৬৬০ জন এবং ২য় ডোজ গ্রহণকারী ৩৮,১৫০ জন। ১২ বছরের উর্দ্ধে কোভিড-১৯ টিকা ১ম ডোজ গ্রহণকারীর হার ৯২.৩৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯১.৮৩%, ৩য় ডোজ গ্রহণকারীর হার ৫৯.২৪%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>(ক) উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরে ১০০ জন উপকারভোগীকে মাসকলাই এবং ২০ জন পেঁয়াজ চাষীকে বীজ, সার ও নগদ অর্থ প্রদান করা হয়েছে। ২৯ অক্টোবর ২০২৩ পর্যন্ত বরাদ্দ প্রাপ্ত ৮১৬০ জনের মধ্যে ৫০০০ জন উপকারভোগীকে ০১ কেজি সরিষা বীজ, ০১ কেজি ডিএপি সার ও ০১ কেজি এমওপি সার প্রদান করা হয়েছে।<br>১০ ১০<br>(খ) তিনি আরও জানান, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট জায়গা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান,<br>(ক) ২০২৩-২৪ অর্থবছরে পল্লী সড়ক রক্ষণাবেক্ষণ প্রকল্প (GOBM) এর আওতায় এ উপজেলায় ১৫.০০কি.মি. রাস্তা মেরামতের জন্য অনুমোদন পাওয়া গেছে। দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন প্রক্রিয়াধীন রয়েছে। ঠিকাদার নির্বাচিত হলে রাস্তা মেরামত ও উন্নয়ন কার্যক্রম শুরু হবে।<br>(খ) এ উপজেলায় মির্জাপুরের রাস্তা এবং বুরবুরা বিলের উন্নয়ন কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রশাসনিক অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের করা হবে।<br>(গ) তিনি আরো জানান, বর্তমান সময়ে অতি বৃষ্টির কারণে এ উপজেলায় বিভিন্ন জনগুরুত্বপূর্ণ ক্ষতিগ্রস্ত রাস্তা সমূহের মেরামত কাজ চলমান আছে।<br>(ঘ) তিনি আরো জানান, উপজেলা খরকা হল রুমের পাশে বারান্দার নীচ থেকে মাটি সড়ে যাওয়াতে যে কোন মুহর্তে ধ্বসে যাওয়ার আশঙ্কা রয়েছে যা জরুরী মেরামত প্রয়োজন।<br>(ঙ) তিনি আরো জানান, উন্নয়ন কাজের নির্মাণ সামগ্রী এবং কাজের গুনগত মান নিশ্চিতকরণের জন্য এলজিইডির'র সদর দপ্তর হতে এ উপজেলায় এলজিইডি'তে ল্যাবরেটরী স্থাপন করা সম্ভব হচ্ছে না। উপজেলা পরিষদ ভবনের পূর্ব পার্শ্বে অর্থাৎ খরকা হল সংলগ্ন পশ্চিম পার্শ্বের মধ্যবর্তী স্থানে ল্যাবরেটরী কক্ষ নির্মাণ করা যাইতে পারে।<br>(চ) তিনি আরো জানান, ময়মনসিংহ বিভাগীয় ডিআইজি কর্তৃক মাদারগঞ্জ মডেল থানা পরিদর্শন উপলক্ষ্যে থানা ভবনসমূহ জরুরী মেরামত করার প্রয়োজন। মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী ২,৫০,০০০,০০ টাকা প্রাক্কলন প্রস্তুত করেছে। | (ক-ঙ)বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর দাখিলকৃত চলতি অক্টোবর/২০২৩ মাসের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ:<br>১। রাজস্ব আদায় : ৬৭,৯৯৫/-<br>২। চিকিৎসা (গবাদিপশু) : ২০৭০ টি<br>৩।চিকিৎসা (হাঁসমুরগী) : ২৪০২৩ টি<br>৪। কৃত্রিম প্রজনন : ৭১৫ টি<br>৫। সংকর জাতের বাছুর উৎপাদন : ৩৬৯টি | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |

<table>
<tr>
<td>০৫. উপজেলা মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান অক্টোবর/২০২৩ খ্রি: মাসে<br>(ক) প্রতি মাসে ২২ জন মৎস্যচাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে।<br>(খ) মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ উপলক্ষে উপজেলায় বিভিন্ন বাজারে/নদীতে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>(গ) মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৩ উপলক্ষে উপজেলার ০৭ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় ১২০০ (এক হাজার দুইশত) জন নিবন্ধিত জেলেদের মাঝে ২৫ কেজি করে মোট ৩০ মেট্রিক টন ভিজিএফ চাল বিতরণ করা হচ্ছে।<br>এছাড়া পরামর্শ সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর।</td>
</tr>
<tr>
<td>০৬. উপজেলা শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সকল কার্যক্রম স্বাভাবিক চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে অক্টোবর/২০২৩ মাসে
<table>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৬০ জন</td><td>ইনজেকশন</td><td>১০৭৬</td></tr>
<tr><td>খাবার বড়ি (সুখী)</td><td>১২৮৪৮ চক্র</td><td>কনডম</td><td>৯৪৫৮</td></tr>
<tr><td>ইসিপি</td><td>১৮ জন</td><td>ডেলেভারি</td><td>১৩ জন</td></tr>
</table></td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিততে উপজেলা একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, এ উপজেলায় আগামী ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে এসএসসি নবম শ্রেণী সমাপনী বোর্ড পরীক্ষা বিভিন্ন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর</td>
</tr>
<tr>
<td>০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি অক্টোবর/২০২৩ মাসে<br>(ক) কামারিয়া আশ্রয়ন প্রকল্পের আওতায় ০৬ জন ব্যক্তির মাঝে ৪০,০০০ টাকা করে গরু ক্রয় বাবদ মোট ২,৪০,০০০ টাকার ঋণ প্রদান।<br>(খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধি ভাতাসহ অন্যান্য ভাতাভোগীদের ''লাইভ ভেরিফিকেশন'' কার্যক্রম চলমান রয়েছে।<br>(গ) প্রতিবন্ধি ব্যক্তিদের সবর্ণ নাগরিক কার্ড প্রদান কার্যক্রম চলমান।<br>(ঘ) ১০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি ভাতার আবেদনের ক্ষেত্রে প্রচার-প্রচরণা কার্যক্রম এবং ভাতার ক্ষেত্রে সহযোগিতা প্রদান চলমান রয়েছে।<br>(ঙ) প্রতারণামূলক হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ভাতাভোগীদের নগদ একাউন্টে পিন কোড নিরাপদ/হেফাজতে রাখার জন্য সচেতনামূলক প্রচারণা কার্যক্রম চলমান।<br>এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৩ মাসে তাঁর দপ্তরে<br>১। বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পটি সমাপ্ত হয়েছে।<br>২। চলতি ঋণ বিতরন ৮,২০,০০০ টাকা ৩। চলতি ঋণ আদায় ৩,৮৩,,০০০ টাকা ৪। খেলাপী ঋণ আদায় ৪০০০ এবংসঞ্চয় আদায় ৭৫,০০০ টাকা।<br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে।</td>
<td>সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান,<br>(ক) অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ০৭ (সাত) টি ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে।<br>(খ) গ্রামীন অবকাঠামো সংস্কার/রক্ষাণাবেক্ষন ( কাবিখা/পবিটা/টিআর) গম, চাল ও নগদ অর্থ ইউনিয়ন পরিষদ ওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। । এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে।</td>
<td>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর</td>
</tr>
<tr>
<td>১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় কড়ইচড়া ও গুনারীতলা ইউনিয়নে যুব প্রশিক্ষণ করানো হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।</td>
</tr>
<tr>
<td>১৩. উপজেলা সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানান যে, অক্টোবর/২০২৩ মাসে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: চরভাটিয়ানী গ্রামে<br>১। ঋণ আদায়ের পরিমান ৬,৭১,৩০০ টাকা<br>২। সার্ভিস চার্জ আদায়ের পরিমান ৪১,৩০০ টাকা</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ৩। ঋণ আদায়ের হার ১০০%<br>খ) নারী উন্নয়নে প্রকল্পে চলতি ঋণ আদায় ৬,০০,০০০ টাকা এবং ঋণ বিতরণের পরিমান ৬,০০,০০০ টাকা। | | |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে অক্টোবর/২০২৩ মাসে<br>(ক) ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য বরাদ্দ না আসায় ডি.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ ২য় ব্যাচের প্রশিক্ষণের ৩০ জন মহিলা প্রশিক্ষনার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।<br>(গ) কিশোর-কিশোর ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৩ মাসে বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৬. উপজেলা পরিসংখ্যিান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনা কার্যপত্র পাওয়া যায় নি। | -- | -- |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান অক্টোবর/২০২৩ মাসে তাঁর দপ্তরে ওএমএস এবং খাদ্য বান্ধব কর্মসূচির ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল বিতরণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২০২৩ মাসে তাঁর দপ্তরে<br>১। আসন্ন শারদীয় দুর্গা পূজায় মন্ডপে ১৭২ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা আইন শৃঙ্খলার রক্ষায় দায়িত্ব পালন করেছে।<br>২। ০৪ জন ভিডিপি সদস্যকে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে প্রেরণ করা হয়।<br>৩। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা বাছাই কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে নাবী উৎপাদনকারী চাষীদের বীজ উৎপাদনের জন্য উদ্ভব করা হচ্ছে এবং মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের দপ্তরের অক্টোবর/২০২৩ মাসের<br>ঋণবিতরণ : ৭৪.৪৫ লক্ষ টাকা<br>আদায় : ৪০.৫০ লক্ষ টাকা<br>আদায়ের হার : ৯৬% | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরষ্কার/২৩ প্রদানের নিমিত্তে ০৭ (সাত) টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ৩০/১০/২০২৩খ্রি:। এ উপজেলায় আগ্রহী প্রার্থীগণকে যথাসময়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কার্যালয়ে এবং বন বিভাগের অফিসে আবেদন জমা দেয়ায় জন্য বলা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৩ মাসে তাঁরদ প্তরে<br>ঋণ বিতরণ : ৫৩.৫০ লক্ষ টাকা<br>আদায় : ৫১.০০ লক্ষ টাকা<br>সঞ্চয় আদায় : ০.৮৫ | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সার্ভিস বিভাগ:**<br>স্টেশন অফিসার, ফায়ারসার্ভিস ও সিভিলডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুরসভায় জানান, অক্টোবর/২০২৩ মাসে অগ্নিনির্বারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | স্টেশন অফিসার, ফায়ারসার্ভিস ও সিভিলডিফেন্স |
| **২৫. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য আপা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জুলাই/২০২৩ মাসে আগামী অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প নির্বাচন গ্রহণ এবং দ্রুত সময়ের মধ্যে সভার রেজুলেশন জমাসহ স্ব স্ব কার্যালয়ে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সকলকে অনুরোধ করেন। | অতি দ্রুত স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ভাইস চেয়ারম্যানদের নিকট জমা ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত হয়। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭ বিবিধ:**<br>ক) চেয়ারম্যান, গুনারীতলা ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, মোসলেমাবাদ আলিম মাদ্রাসা হতে কাতলামারী রাস্তায় ২০ মিটার সরু ব্রীজটি আঁকা বাঁকা রাস্তায় হওয়ায় যানবাহন চলাচলের সময় মোড় নিতে প্রায়ই দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। গত দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে আরো কয়েকজন গুরুতর আহত হয়েছে। উক্ত যুক্তিপূর্ণ ব্রীজটি অপসারণ করা না হলে আরো প্রাণহানির সম্ভবনা রয়েছে।<br>খ) চেয়ারম্যান, সিধুঁলী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, সিধুলী ইউনিয়ন ভবনের কোন নিরাপত্তা গেট নাই। ইউনিয়ন পরিষদের গেট না থাকায় যে কোন সময় সরকারী সম্পদের চুরি যাওয়ার সম্ভবনা রয়েছে। ইউনিয়ন নিরাপত্তার স্বার্থে গেট নির্মাণ করা জরুরী। | ক) ব্রীজটি নিলাম ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। আলোচনান্তে নিলাম প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিলামের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে অনুমোদিত গৃহীত হল। কাজ দ্রুত বাস্তবায়নের স্বার্থে প্রাক্কলন প্রস্তুতসহ নিলাম প্রক্রিয়ায় ব্রীজটি দ্রুত অপসারণের পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>খ) বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা এডিপি হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর। |

অত:পর সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

তারিখ ঃ ৩০ অক্টোবর ২০২৩

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৩-৭৯২

অনুলিপি কার্যার্থে:

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . ..............ইউনিয়নপরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

তারিখ ঃ ৩০ অক্টোবর ২০২৩

স্মারক নং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৩-৭৯২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

অক্টোবর/২০২৬ মাসের উপজেলা মাসিক সমন্বয় সভার হাজিরা
সময়: ১০.০০ টা

| ক্রমিক | নাম ও পদবী (জনপ্রতিনিধি) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ মাদারগঞ্জ জামালপুর। | |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মাদারগঞ্জ জামালপুর। | |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান " " " | |
| ০৪ | মেয়র মাদারগঞ্জ পৌরসভা মাদারগঞ্জ জামালপুর। | |
| ০৫ | চেয়ারম্যান ১ নং চর পাকেরদহ ইউনিয়ন " | |
| ০৬ | " ২ নং কড়ইচড়া " " | |
| ০৭ | " ৩ নং গুনারীতলা " " | |
| ০৮ | " ৪ নং বালিজুড়ী " " | |
| ০৯ | " ৫ নং জোড়খালী " " | |
| ১০ | " ৬ নং আদারভিটা " " | |
| ১১ | " ৭ নং সিধুলী " " | |
| ১২ | জনাব মোছা: [illegible] সংরক্ষিত মহিলা সদস্য ১ নং ওয়ার্ড উপজেলা পরিষদ মাদারগঞ্জ জামালপুর। | |
| ১৩ | মোছা: [illegible] বেগম সংরক্ষিত মহিলা সদস্য ৩ নং ওয়ার্ড উপজেলা পরিষদ মাদারগঞ্জ জামালপুর। | |
| ১৪ | জনাব, [illegible] চেয়ারম্যান [illegible] | |
| ১৫ | হাঃ আবু বক্কর সিদ্দিক, মুক্তিযোদ্ধা | |
| ১৬ | [illegible] | |

| ক্রমিক নং | নাম ও পদবী (দপ্তরভিত্তিক) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ জামালপুর। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা মাদারগঞ্জ জামালপুর। | |
| ০৩ | " কৃষি অফিসার মাদারগঞ্জ জামালপুর | |
| ০৪ | " প্রাণী সম্পদ অফিসার মাদারগঞ্জ জামালপুর | |
| ০৫ | " প্রকৌশলী (এল,জি,ইডি) মাদারগঞ্জ জামালপুর | |
| ০৬ | " মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ জামালপুর | |
| ০৭ | " শিক্ষা অফিসার " " | |
| ০৮ | " সমাজসেবা অফিসার " " | |
| ০৯ | " মাধ্যমিক শিক্ষা অফিসার " " | |
| ১০ | " পরিবার পরিকল্পনা অফিসার " " | |
| ১১ | " পল্লী উন্নয়ন কর্মকর্তা " " | |
| ১২ | " যুব উন্নয়ন কর্মকর্তা " " | |
| ১৩ | " মহিলা বিষয়ক কর্মকর্তা " " | ২০.১০.২৬ |
| ১৪ | " সমবায় কর্মকর্তা " " | |
| ১৫ | " প্রকল্প কর্মকর্তা " " | |
| ১৬ | " পরিসংখ্যান কর্মকর্তা " " | |
| ১৭ | " সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য " " | |
| ১৮ | " আনসার ও ভি.ডি.পি কর্মকর্তা " " | |
| ১৯ | " খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ " " | |
| ২০ | " পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা " " | |
| ২১ | " পাট উন্নয়ন কর্মকর্তা " " | |
| ২২ | " ফরেস্টার মাদারগঞ্জ জামালপুর | |
| ২৩ | " [illegible] ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ২৪ | " ফায়ার সার্ভিস মাদারগঞ্জ জামালপুর | |
| ২৫ | " তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ জামালপুর | |
| ২৬ | " ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর মাদারগঞ্জ। | |
| ২৭ | " ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন | |
| ২৮ | " ইমাম সমিতির সভাপতি মাদারগঞ্জ | |
| ২৯ | " এনজিও প্রতিনিধি মাদারগঞ্জ। | |
| ৩০ | " [illegible] পল্লী বিদ্যুৎ অফিস মাদারগঞ্জ | |